



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
Dinajpur Govt. College, Dinajpur  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২



বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/জা.দি.উ.ক./২০২২/২১৮(ক)

তারিখ: ১০ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৬তম শুভ জন্মদিন উদযাপনের লক্ষ্যে দিনাজপুর সরকারি কলেজ সূত্রস্থ পত্র (স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২২-২৪৫৪৩/৮ তারিখ: ২২/০৯/২০২২ খ্রি.) মোতাবেক নিম্নোক্ত কর্মসূচি পালন করবে। কর্মসূচিতে অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত বিষয় ও শর্ত অনুসারে প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

- সাম্প্রতিককালে বাংলাদেশের সবচাইতে বড় অর্জন 'পদ্ম সেতু'। 'পদ্মা সেতু' নির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র দৃঢ় পদক্ষেপ আমাদের গর্বিত করেছে। তাই এ বিষয়ে দিনাজপুর সরকারি কলেজের শিক্ষার্থীরা পদ্মাসেতু'র অর্জনে অনুপ্রাণিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর শুভ জন্মদিনে শুভেচ্ছা বার্তা লিখবে।
- শুভেচ্ছা বার্তাটি ১০০ শব্দের মধ্যে লিখতে হবে এবং শিক্ষার্থীদেরকে স্ব স্ব বিভাগীয় প্রধান/উচ্চ মাধ্যমিক শাখার তত্ত্বাবধায়কের দপ্তরে আগামী ২৮/০৯/২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- শুভেচ্ছা বার্তায় পদ্মা সেতু নির্মাণে ও বাংলাদেশের অগ্রযাত্রায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র দৃঢ় প্রত্যয়ের চিত্র তুলে ধরতে হবে।
- সেরা শিক্ষার্থীদের লেখাগুলো শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন করা হবে।
- প্রত্যেক শ্রেণি থেকে বাছাইকৃত সেরা লেখা জনাব মো. লাল মিল্লা, সহযোগী অধ্যাপক, বাংলা ও আহ্বায়ক, শুভেচ্ছা বার্তা জমা নেয়া, দেয়ালিকায় উপস্থাপন ও প্রেরণ উপ-কমিটির নিকট আগামী ২৯/০৯/২০২২ তারিখ, দুপুর ১২:৩০ মিনিটের মধ্যে জমা দিতে হবে।
- বাছাইকৃত সেরা লেখা (প্রতি শ্রেণির ১টি লেখা) সংশ্লিষ্ট উপ-কমিটি কর্তৃক মাউশির নির্ধারিত ইমেইল ঠিকানায় প্রেরণ করা হবে।

প্রতি স্বাক্ষর

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(ড. মো. আব্দুর রাস্তাক)

আহ্বায়ক

জাতীয় দিবস উদযাপন কমিটি

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
- আহ্বায়ক, শুভেচ্ছা বার্তা জমা নেয়া, দেয়ালিকায় উপস্থাপন ও প্রেরণ উপ-কমিটি, দিনাজপুর সরকারি কলেজ
- তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- অফিস নথি